

২০২৬

বাংলা — মাইনর

পত্র : MN-2

(বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা - ১)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) মৌলিক স্বরধ্বনি কাকে বলে? বাংলা ভাষায় মোট কতগুলি স্বরধ্বনি রয়েছে? উচ্চারণের স্থান অনুসারে বাংলা স্বরধ্বনিগুলির বিভাজন দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+১+১২

অথবা

- (খ) বাংলা বর্ণমালায় কতগুলি ব্যঞ্জনবর্ণ রয়েছে? অক্ষর কাকে বলে? দৃষ্টান্তসহ ধ্বনি ও অক্ষরের মধ্যে পার্থক্য আলোচনা করো। ১+৪+১০

- ২। (ক) বাংলা ভাষায় কী কী কারণে শব্দার্থ পরিবর্তিত হয়? দৃষ্টান্তসহ অর্থের উন্নতি ও অর্থের সংকোচন পর্যালোচনা করো। ৭+৪+৪

অথবা

- (খ) টীকা লেখো (যে-কোনো তিনটি) — ৫×৩
জোড়কলম শব্দ, আদি স্বরাগম, বিপর্যাস, অভিশ্রুতি, স্বতোনাসিক্যভবন।

- ৩। (ক) বাংলা ভাষায় বচন কয়প্রকার ও কী কী? বাংলা একবচনের রূপ গঠনের নিয়মগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ৩+১২

অথবা

- (খ) ক্রিয়ার কাল বলতে কী বোঝায়? উপবিভাজনসহ বাংলা ক্রিয়ার কাল পর্যালোচনা করো। ৩+১২

- ৪। (ক) সঘোষ ও অঘোষ ধ্বনি কাকে বলে? ২½×২

অথবা

- (খ) বাংলা শব্দভাণ্ডারে কত রকমের শব্দ রয়েছে একটি করে দৃষ্টান্ত দিয়ে আলোচনা করো। ৫

- ৫। (ক) অল্পপ্রাণীভবন ও মহাপ্রাণীভবনের কারণ কী দৃষ্টান্তসহ আলোচনা করো। ৫

অথবা

- (খ) দৃষ্টান্তসহ বঙ্গালী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৫

Please Turn Over

(7432)

৬। (ক) বাংলায় পুরুষ কয়প্রকার ও কী কী? বাংলায় উত্তম পুরুষ নির্দেশ করতে কোন কোন পদ ব্যবহৃত হয়? ২½+২½

অথবা

(খ) উদাহরণসহ বাংলা বিসর্গ সন্ধির রূপ আলোচনা করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) বাংলা স্বরবর্ণ কতগুলি?

(খ) বর্ণ ও ধ্বনির মধ্যে মূল পার্থক্য কোনটি?

(গ) বাংলা কোন স্বরধ্বনিটি বর্ণমালায় নেই?

(ঘ) বিষমীভবনের উদাহরণ দাও।

(ঙ) দুটি তদ্ভব শব্দ উল্লেখ করো।

(চ) 'ঝি' শব্দটি কোন ধরনের অর্থ পরিবর্তনের দৃষ্টান্ত?

(ছ) 'ইক্ষুল' শব্দটি কী ধরনের ধ্বনি পরিবর্তনের ফলে গঠিত হয়েছে?

(জ) 'পরীক্ষায় নকল করা ছাত্রজীবনের সবথেকে বড়ো অধর্ম'— নিম্নরেখাঙ্কিত পদটির কারক ও বিভক্তি উল্লেখ করো।

(ঝ) 'পদলেহন' শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

(ঞ) প্রত্যয় কাকে বলে?

(ট) 'মজা করো, কিন্তু সম্মানটুকু রেখে'— নিম্নরেখাঙ্কিত পদে কোন অব্যয় রয়েছে?

(ঠ) তদ্ধিত প্রত্যয় কীভাবে গঠিত হয়?

(ড) 'রবীন্দ্র' শব্দটির সন্ধিবিচ্ছেদ করো।

(ঢ) 'শিশু' শব্দটি কোন লিঙ্গের উদাহরণ?

(ণ) একটি বাক্যে শূন্য বিভক্তির দৃষ্টান্ত দাও।